

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা বিভাগ

অপারেশন্স উইং

প্রধান কার্যালয়, সপ্তম তলা, ২০ দিলকুশা বা/এ, ঢাকা - ১০০০

দেয়াল ক্যালেন্ডার, এনভেলপ, ডেস্ক ক্যালেন্ডার, ডায়েরি ও নোট বুক- ২০২৩ মুদ্রণ কাজের জন্য দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ২০২৩ ইংরেজি সালের দেয়াল ক্যালেন্ডার, এনভেলপ, ডেস্ক ক্যালেন্ডার, ডায়েরি ও নোটবুক মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য আত্মহী মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দেয়াল ক্যালেন্ডার, এনভেলপ, ডেস্ক ক্যালেন্ডার, ডায়েরি ও নোটবুকের জন্য কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত শিডিউল প্রতিটি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ২৬/০৯/২০২২ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা থেকে ক্রয় করা যাবে।

যে কোন তফসিলী ব্যাংকের শাখা থেকে অত্র ব্যাংকের অনুকূলে দরপত্রে উদ্ধৃত মূল্যের ২.৫০% জামানত পে-অর্ডার আকারে সংযুক্ত করে নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত শিডিউলে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদি সংযুক্ত করে দর নির্ধারণ পূর্বক আগামী ২৭/০৯/২০২২ ইং তারিখে বেলা ২:৩০ টার মধ্যে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ তে রক্ষিত বাক্সে ফেলতে হবে, যা একই দিন বেলা ৩.০০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

উল্লেখ্য, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল কিংবা প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করেন। ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত পরিদর্শন টিম প্রিন্টিং প্রেস সমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের পরে যে সকল প্রেসের পরিদর্শন রিপোর্ট ও বিগত পারফরম্যান্স রেকর্ড ব্যাংক কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বলে প্রতীয়মান হবে, কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে। দরপত্রের বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েবসাইট www.islamibankbd.com এ পাওয়া যাবে।

বি:দ্র: মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক যেকোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অন্তত:/কমপক্ষে বাৎসরিক ২,০০,০০০ (দুই লক্ষ) ক্যালেন্ডার ছাপানোর অভিজ্ঞতা থাকতে হবে এবং কোটেশনের সাথে অভিজ্ঞতা/কার্য সম্পাদনের সনদ সংযুক্ত করতে হবে। দরপত্রে উল্লেখিত প্রতিটি আইটেমের একক মূল্য পৃথকভাবে মূল্যায়ন করা হবে।

ইভিপি এন্ড হেড অব সি এস ডি

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট (বি এন্ড সিডি)